

**শিক্ষক কর্মচারী পরিষদের
 ১৭ দফার প্রতি সমর্থন
 বকেয়া বেতনের দাবিতে বঞ্চিত
 শিক্ষক কর্মচারী কোরামের
 সভাপতির অনশন পালন**

শ্রেণি বিভাগি : বেসরকারী স্কুল, কলেজ ও মাদরাসার ইনডেপেন্ডেন্ট হ্যান্ডেল্ড শিক্ষকদের নিজ নিজ যোগদান তারিখ হতে এপ্রিল/২০১১ তারিখ পর্যন্ত এবং জানুয়ারি/২০১২ তারিখ পর্যন্ত বকেয়া বেতনের দাবিতে এবং বাংলাদেশ শিক্ষক কর্মচারী একা পরিষদের ১৭ দফা দাবির সমর্থনে বঞ্চিত শিক্ষক কর্মচারী কোরামের সভাপতি শ্রী বীর রত্ন নাম ২ দিনব্যাপী জাতীয় শ্রেণিগতাবে একক অনশন পালন করেন। তিনি এক বিবৃতিতে বলেন, আমরা কেউ কেউ নভেম্বর/১০, ডিসেম্বর/১০, জানুয়ারি/১১, ফেব্রুয়ারি/১১, মার্চ/১১ ইত্যাদি নতুন শিক্ষা প্রতিষ্ঠানে যুক্তি পূর্ণ পদে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত হয়ে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে শিক্ষকতা করে আসছি। আমরা গত মে/১১-এর এমপিও-তে অন্তর্ভুক্ত হয়ে তথ্য মে/১১-এর এক মাসের বেতন পাই।

আমরা কেউ কোর্স বকেয়া বেতন পাইনি। আমাদের নিজ নিজ যোগদান তারিখ হতে এপ্রিল/১১ তারিখ পর্যন্ত ৬ মাস/৫ মাস/৪ মাস/৩ মাস/২ মাসের বকেয়া বেতন পাইনি।

আমরা সকলেই ইনডেপেন্ডেন্ট ও কমপক্ষে ১২ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক। আমরা গত ১৩/০৯/২০১১ তারিখে মহাপরিচালক শিক্ষা, ১৪/০৯/২০১১ তারিখে সচিব ও শিক্ষামন্ত্রীর কাছে লিখিত আবেদন করি এবং ০২ অক্টোবর/২০১১ তারিখে শিক্ষামন্ত্রীর নিকট স্বাক্ষরকপি প্রদান করি। কিন্তু অদ্যাবধি আমরা বকেয়া বেতন পাইনি। অধিকতর জানুয়ারি/২০১২ মাসের এমপিও-তে অন্তর্ভুক্ত ইনডেপেন্ডেন্ট হ্যান্ডেল্ড শিক্ষকদেরও বকেয়া বেতন সরকার দেয়নি।

আমি বঞ্চিত সকল শিক্ষকের পক্ষে দুইদিনের একক অনশন পালন করেছি সাথে সাথে প্রধানমন্ত্রীর সরাসরি হস্তক্ষেপ কামনা করছি বকেয়া বেতন প্রদানের জন্য।